

জকসু নির্বাচনে প্রার্থীদের ডোপটেষ্ট স্থগিত

জবি প্রতিনিধি

২৬ নভেম্বর ২০২৫, ০৮:০৯ পিএম



ভূমিকম্প পরবর্তী অঙ্গুত পরিস্থিতি বিবেচনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) ও হল সংসদ নির্বাচন ২০২৫-এর নির্বাচনী তফসিল অনুযায়ী প্রার্থীদের ডোপটেষ্টের কার্যক্রম স্থগিত করা হয়েছে।

বুধবার (২৬ নভেম্বর) প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোস্তফা হাসানের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভূমিকম্প পরবর্তী অঙ্গুত পরিস্থিতি বিবেচনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ ও হল সংসদ নির্বাচন ২০২৫-এর নির্বাচনী তফসিলের ক্রম-১১ অনুযায়ী প্রার্থীদের ২৭ নভেম্বর ও ৩০ নভেম্বরের ডোপটেষ্টের কার্যক্রম স্থগিত করা হলো। ডোপটেষ্টের নতুন সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

এর আগে, জকসুতে মোট পদ ২১টি পদে হবে ৩৮ বছর পর জকসু নির্বাচন। গত ৫ নভেম্বর ঘোষিত তফসিল অনুযায়ী, ১২ নভেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার হয়। ১৭ ও ১৮ নভেম্বর মনোনয়ন পত্র দাখিল, ১৯ ও ২০ নভেম্বর মনোনয়নপত্র বাছাই, ২৩ নভেম্বর প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করা হয়। ২৪, ২৫ ও ২৬ নভেম্বর প্রার্থীদের আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করা হবে।

এ ছাড়া ২৭ ও ৩০ নভেম্বর প্রার্থীদের ডোপ টেষ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩ ডিসেম্বর চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে নির্বাচন কমিশন। এরপর ৪, ৭ ও ৮ ডিসেম্বর পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। প্রত্যাহারকৃত প্রার্থী তালিকা প্রকাশ হবে ৯ ডিসেম্বর।

৯ থেকে ১৯ ডিসেম্বর পর্যন্ত প্রার্থীরা তাদের নির্বাচনী প্রচারণা করবেন। আর ২২ ডিসেম্বর ভোটগ্রহণ হবে।

তফসিল অনুযায়ী, নির্বাচনের দিনই ভোট গণনা ও ২২ থেকে ২৩ ডিসেম্বরের মধ্যে ফলাফল ঘোষণা হবে।